# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫২ তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

**"মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা"** শীর্ষক প্রকল্পের আওতায় ফ্লাডওয়াল নির্মাণের প্রয়োজনীয় সুপারিশ প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন/কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৯, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব এ, এস, এম তোফায়েল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প, ফেজ-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ দুলাল মিয়া, সহকারী প্রধান (কৃষি), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ হারুন উর রশীদ, আইডব্লিউএম, ঢাকা এর প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার। | সদস্য |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক, মৌলভীবাজার পওর সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় মৌলভীবাজার জেলা সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা মনু নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে ফ্লাডওয়াল নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে আগামী শুষ্ক মৌসুমেই উক্ত কাজ বাস্তবায়ন করার বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) তিস্তা ব্যারেজে বিদ্যমান ৩৬৭ টন Sheet Pile এবং গোড়ানচাটবাড়ী প্রকল্পে অব্যবহৃত ৫৪টি Sheet Pile অতিসত্বর এই প্রকল্পে আনার ব্যবস্থা গ্রহণ; ফ্লাডওয়াল নির্মাণের জন্য যে সব জায়গায় Sheet Pile ব্যবহৃত হবে, তা নির্ধারণ করা এবং যে সব জায়গায় Sheet Pile ব্যবহৃত হবেনা, তা চিহ্নিত করে বিকল্প সুপারিশ প্রদান করবেন;

ঙ) খাল খনন ও রেগুলেটর নির্মাণের মাধ্যমে বন্যার পানি হাইল হাওরে প্রেরণ করার প্রস্তাব বিবেচনা করবেন;

চ) বর্ষা মৌসুমের আগেই নদী পুনঃখনন কাজ শেষ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

ছ) নদী ড্রেজিং/পুনঃখনন করার পরপরই নদীর পাড়ে নতুন মাটিতে ঘাসের চাপড়া লাগানো এবং পরবর্তীতে ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

জ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঝ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৪/০৭/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

E:\ADG (Planning)\Forwarding, Notesheet & Office Order_2022\Office Order_2022_Committee.docx

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৯, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক, মৌলভীবাজার পওর সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার ও কমিটির সদস্য-সচিব
৩। জনাব এ, এস, এম তোফায়েল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প, ফেজ-২, বাপাউবো, ঢাকা।
৪। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ দুলাল মিয়া, সহকারী প্রধান (কৃষি), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ হারুন উর রশীদ, আইডব্লিউএম, ঢাকা এর প্রতিনিধি।
৭। নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৪। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।